



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলানগর
ঢাকা - ১২০৭।
www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০২.০০০০.২১৩.৯৯.০০১.১৮- ২৮২৪

তারিখ: ০৫.১০.২০২০খ্রিঃ।


প্রতি,

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ----- (সকল)।

বিষয়ঃ জেলা পর্যায়ে উন্নয়ন প্রকল্পের ল্যাভরেটরি Test Fee যথাযথভাবে আদায় করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, এলজিইডি'র কেন্দ্রীয় মান নিয়ন্ত্রণ ইউনিটের প্রকৌশলীগণ কর্তৃক বিভিন্ন জেলায় বাস্তবায়িত উন্নয়নমূলক কাজ পরিদর্শনের সময় সংশ্লিষ্ট কাজের নথি পর্যালোচনা কালে দেখা যায়, বাস্তবায়িত কাজের Test Frequency যথাযথভাবে অনুসরণ না করায় প্রকৃত টেস্ট ফি কর্তন করা হয় না। কোন কোন সময় কাজের বিল পরিশোধকালে Test Frequency যাচাই না করে খোক এমাউন্ট উল্লেখ করে টেস্ট ফি কর্তন করা হয়ে থাকে। এলজিইডি'র অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিট এর ২০১৯-২০২০ অর্থ বছরের প্রতিবেদনে ল্যাভরেটরি টেস্ট ফি আদায়ের জন্য আলাদা কোন রেজিস্টার সংরক্ষণ না করে শুধুমাত্র ট্রেজারী চালানের কপি সংরক্ষণ করা হয়, যার ফলে টেস্ট ফি আদায়ে গরমিল হওয়ার সম্ভাবনার কথা উল্লেখ আছে।

এমতাবস্থায় সকল উন্নয়নমূলক কাজের গুণগমমান নিয়ন্ত্রণসহ মান নিয়ন্ত্রণের সাথে সংশ্লিষ্ট Test Frequency যথাযথ অনুসরণ ও সে মোতাবেক টেস্ট ফি কর্তন এবং টেস্ট ফি আদায়ের রেজিস্টার সংরক্ষণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য যে, উন্নয়নমূলক কাজের Test Frequency অনুযায়ী টেস্ট ফি কর্তন কম করা হলে তা ব্যক্তিগত দায় হিসেবে গন্য হবে।



(মোঃ আব্দুর রশীদ খান)

প্রধান প্রকৌশলী

ফোন: 58152802

ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপিঃ

- অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি----- (সকল)।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি----- (সকল)।
- উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ----- (সকল), জেলাঃ ----- (সকল)।